



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ
ফরিদপুর।

ফোনঃ 0631-66304, 66305; Website: www.fec.ac.bd



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ফইক/একা./২০২২/৭৬

তারিখ : ২৯/০৯/২০২২ খ্রি.

সূত্র: প্রযুক্তি/২০২১-২০২২, তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি.

নোটিশ

এতদ্বারা উপর্যুক্ত সূত্রের আলোকে অত্র কলেজের সংশ্লিষ্ট সকল শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ১ম বর্ষ ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের আগামী ০২/১০/২০২২ ইং তারিখ হতে ০৪/১০/২০২২ ইং তারিখ এবং ১০/১০/২০২২ ইং তারিখ হতে ১১/১০/২০২২ ইং তারিখ এর মধ্যে ভর্তি নিশ্চিতের নিমিত্তে নিম্নোক্ত তথ্যাবলি অনুসরণপূর্বক ভর্তি হতে হবে-

১। ভর্তির জন্য ডিন অফিস কর্তৃক প্রেরিত তালিকায় প্রার্থীর মেধাক্রম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, প্রার্থীর নাম ভর্তি পরীক্ষার Transcript Received সিলযুক্ত মূল প্রবেশপত্রের সাথে মিলিয়ে প্রার্থীর পরিচিতি নিশ্চিত হয়ে এবং ২৯/০৯/২০২২ ইং তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীর মনোনীত কলেজ ও বিষয় এর প্রিন্ট কপি দেখে যথাযথ ফি প্রাপ্তি সাপেক্ষে ভর্তি নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

২। প্রার্থীদেরকে নির্ধারিত সময়ের মধ্যে অত্র কলেজে উপস্থিত থেকে অফেরতযোগ্য ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চিত করতে হবে, অন্যথায় মনোনয়ন বাতিল হয়ে যাবে। কোন প্রার্থী ছুটান্তভাবে ভর্তি হতে চাইলে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, অটোমাইগ্রেশন বন্ধ করতে চাইলে তাকে ১১/১০/২০২২ ইং তারিখ বেলা ১২.০০ টার মধ্যে ডিন অফিসে উপস্থিত থেকে নির্ধারিত ফি প্রদানপূর্বক মাইগ্রেশন বন্ধের আবেদন করতে হবে।

৩। ভর্তির জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবেঃ-

- ডিন অফিস কর্তৃক Transcript Received সীলযুক্ত প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
- এইচ.এস.সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি-২টি।
- অভিভাবকের আয়ের সনদ প্রতিষ্ঠান প্রধান/ মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃক প্রদত্ত Testimonial এর ফটোকপি।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছাড়া ৩ (তিন) কপি রঙ্গিন ছবি।
- অন্যান্য প্রমাণের ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে)।

(অধ্যাপক ড. প্রকৌ. মো: মিজানুর রহমান)

অধ্যক্ষ (অতি: দায়িত্ব)

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর।

E-mail: principal.fec@gmail.com

principal@fec.ac.bd

ফরিদপুর
২৯.০৯.২২